

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
কল্যাণ অধিশাখা
www.probashi.gov.bd

নং-৪৯.০০.০০০০.০২৪.০০.০২৮.১৮.৩৮

তারিখ: ১০/০১/২০১৯ খ্রিঃ।

বিজ্ঞপ্তি

এতদ্বারা বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (অনিবাসী বাংলাদেশি) নির্বাচন নীতিমালা, ২০১৮ অনুযায়ী নিম্নবর্ণিত তিনটি ক্যাটাগরিতে বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (অনিবাসী বাংলাদেশি), ২০১৯ নির্বাচনের লক্ষ্যে আগ্রহী ও যোগ্যতাসম্পন্ন সকল অনিবাসী বাংলাদেশির নিকট হতে নিম্নোক্ত শর্তাধীনে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

ক্রঃ/নং	ক্যাটাগরি	সংখ্যা	প্রয়োজনীয় যোগ্যতা
১।	সিআইপি (এনআরবি)-ক্যাটাগরি-১ বাংলাদেশে শিল্পক্ষেত্রে সরাসরি বিনিয়োগকারী অনিবাসী বাংলাদেশি	সর্বোচ্চ ০৫ জন	(ক) ২০১৭-২০১৮ অর্থবছরে বাংলাদেশের শিল্পখাতে মূলধন হিসাবে ৩,০০,০০০ (তিন লক্ষ) মার্কিন ডলারের সমপরিমাণ বা তদূর্ধ্ব পরিমাণ বৈদেশিক মুদ্রা সরাসরি বিনিয়োগ ; (খ) শিল্প প্রতিষ্ঠানটি বাস্তবায়নধীন হলে যন্ত্রপাতি প্রেরণের প্রমাণপত্র, যেমন-বিল অব ল্যাডিং, বিল অব এন্ট্রি, লেটার অব ক্রেডিট ইত্যাদিতে উল্লিখিত পরিমাণ বৈদেশিক মুদ্রা লেনদেন।
২।	সিআইপি (এনআরবি)-ক্যাটাগরি-২ বাংলাদেশে বৈধ চ্যানেলে সর্বাধিক বৈদেশিক মুদ্রা প্রেরণকারী অনিবাসী বাংলাদেশি	সর্বোচ্চ ৭৫ জন	২০১৭-২০১৮ অর্থবছরে অপ্রত্যাভাসনযোগ্য ন্যূনতম ১,০০,০০০ (এক লক্ষ) মার্কিন ডলারের সমপরিমাণ বৈদেশিক মুদ্রা ব্যাংকসহ অন্যান্য বৈধ চ্যানেলে বাংলাদেশে প্রেরণ।
৩।	সিআইপি (এনআরবি)-ক্যাটাগরি-৩ বিদেশে বাংলাদেশি পণ্যের আমদানিকারক অনিবাসী বাংলাদেশি	সর্বোচ্চ ১০ জন	(ক) ২০১৭-২০১৮ অর্থবছরে বাংলাদেশ হতে ন্যূনতম ৩,০০,০০০ (তিন লক্ষ) মার্কিন ডলার সমপরিমাণ বৈদেশিক মুদ্রার (Free on Board (FOB) বাংলাদেশি পণ্য আমদানি; (খ) পিআরসি (Proceeds Realisation Certificate) এর মাধ্যমে আমদানির পরিমাণ এবং (গ) অধিক মূল্য সংযোজন সম্পন্ন পণ্য (Higher Value Added Product) ও পণ্য আমাদানিকারককে অগ্রাধিকার প্রদান।

শর্তাবলী:

- আগামী ১৫ জানুয়ারি হতে ১৫ ফেব্রুয়ারি, ২০১৯ তারিখের মধ্যে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.probashi.gov.bd) এর মাধ্যমে অনলাইন-এ অথবা ক্যাটাগরি ভিত্তিক নির্ধারিত আবেদন ফরম পূরণপূর্বক প্রয়োজনীয় প্রমাণকসহ সরাসরি প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ে অথবা সংশ্লিষ্ট মিশনে দাখিল করতে হবে।
অনলাইনে আবেদন দাখিলের পর উক্ত আবেদনের ০২ (দুই) সেট হার্ডকপি সরাসরি এ মন্ত্রণালয়ে/বিদেশস্থ বাংলাদেশ মিশনে প্রেরণ করতে হবে।
- আবেদনপত্রের সাথে আবেদনকারীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের দুই কপি ছবি, TIN/e-TIN সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি, পাসপোর্টের ফটোকপি, বিদেশে অবস্থানের প্রমাণক, বাংলাদেশের স্থায়ী ঠিকানা, বিদেশে অবস্থানের এবং কর্মস্থলের ঠিকানা, ই-মেইল ও মোবাইল নম্বর সংযুক্ত করতে হবে।
- আগ্রহী ও যোগ্যতাসম্পন্ন আবেদনকারীকে প্রতিটি ক্যাটাগরিতে আবেদনের সাথে নিম্নোক্ত প্রয়োজনীয় সকল প্রমাণক (দুই সেট) দাখিল করতে হবে :

ক) সিআইপি (এনআরবি)-ক্যাটাগরি-১ [বাংলাদেশে শিল্পক্ষেত্রে সরাসরি বিনিয়োগকারী]

- ২০১৭-১৮ অর্থবছরে (জুলাই ২০১৭-জুন ২০১৮) বাংলাদেশে শিল্পখাতে মূলধন হিসেবে ০৩ (তিন) লক্ষ মার্কিন ডলারের সমপরিমাণ বা তদূর্ধ্ব পরিমাণ বৈদেশিক মুদ্রা বিনিয়োগের প্রমাণক;
- উল্লিখিত পরিমাণ বৈদেশিক মুদ্রা লেনদেনের প্রমাণক হিসেবে সংশ্লিষ্ট দেশের এবং বাংলাদেশ ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের প্রত্যয়নপত্র;
- শিল্পপ্রতিষ্ঠানটি বাস্তবায়নধীন হলে যন্ত্রপাতি প্রেরণে উল্লিখিত পরিমাণ বৈদেশিক মুদ্রা লেনদেনের প্রমাণক যেমন-বিল অব ল্যাডিং, বিল অব এন্ট্রি, লেটার অব ক্রেডিট ইত্যাদির সত্যায়িত কপি।

L✓